124

দৈনিক ইনকিলাব

তারিখ JUN 10 1999
পৃষ্ঠা 2 কলাম 6

# ছাত্র-ছাত্রীদের ১২ দফার সমর্থনে ১৩ জুন থেকে ছাত্রদলের বিভিন্ন কর্মসূচী

**স্টাফ রিপোর্টার ঃ** জাতীয়তাবাদী ছাত্রদল ঘোষিত ছাত্র-ছাত্রীদের অধিকার সম্বলিত ১২ দফা দাবী মানার সমর্থনে আগামী ১৩ জুন থেকে ছাত্রদল দেশব্যাপী বিভিন্ন কর্মসূচী পালনের সিদ্ধান্ত নিয়েছে। ১২ দফার সমর্থনে আগামী ১৩ জুন রবিবার দেশব্যাপী থানা পর্যায়ে ও সকল কলেজে ছাত্র সমাবেশ শেষে থানা নির্বাহী কর্মকর্তার নিকট স্মারকলিপি পেশ, ২৭ জুন রবিবার প্রত্যেক জেলা সদরে বিক্ষোভ সমাবেশ ও জেলা প্রশাসকের নিকট স্মারকলিপি পেশ এবং ১২ জুলাই (সোমবার) বিভাগীয় শহরগুলোতে ছাত্র সমাবেশ ও বিভাগীয় কমিশনারের নিকট স্মারকলিপি পেশ করা হব। এর মধ্যে দাবী মেনে না নেয়া হলে ১২ জুলাইয়ের পরে সংবাদ সম্মেলনের মাধ্যমে পরবর্তী কর্মসূচী ঘোষণা করা হবে বলে জানানো হয়েছে।